

ঢাবি মুহসীন হল থেকে দেশীয় অস্ত্র উদ্ধার

সংবাদ : | প্রতিনিধি, ঢাবি

| ঢাকা, বৃহস্পতিবার, ৩১ অক্টোবর ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হাজী মুহম্মদ মুহসীন হলের ছাদ থেকে কাপড়ে মোড়ানো অবস্থায় ১০টি রামদা, ২টি ছুরি ও ২টি লোহার পাইপ উদ্ধার করা হয়েছে। গতকাল সকালে হলের কর্মচারীরা ডাইনিংয়ের ছাদ পরিষ্কার করতে গেলে কাপড়ে মোড়ানো অবস্থায় সেগুলো পায় বলে জানিয়েছেন হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূঁইয়া। তবে, কারা সেখানে দেশীয় অস্ত্রগুলো রেখেছে তা এখন পর্যন্ত জানা যায়নি।

মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূঁইয়া স্বাক্ষরিত এ সংক্রান্ত এক চিঠিতে জানানো হয়েছে, গতকাল সকালে হলের পরিচ্ছন্নতাকর্মীরা ডাইনিংয়ের ছাদ পরিষ্কার করতে গেলে কাপড়ে মোড়ানো একটি প্যাকেট দেখে অফিসকে অবগত করেন।

এ বিষয়ে জানতে চাইলে অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূঁইয়া বলেন, গতকাল সকালে হলের পরিচ্ছন্নতাকর্মীরা ডাইনিংয়ের ছাদ পরিষ্কার করতে গেলে কাপড়ে মোড়ানো একটি প্যাকেট দেখে হল অফিসকে অবগত করেন।

তাৎক্ষণিকভাবে সোঁট হল আফসে নিয়ে আসা হয়। পরে সেখান থেকে ১০টি রামদা, দুটি বড় ছুরি এবং লোহার দুটি পাইপ পাওয়া যায়। এ ঘটনা তদন্ত করতে দুই সদস্যের কমিটি গঠন করা হয়েছে। তারা হলেন- অধ্যাপক আবুল কালাম আজাদ ও আশিকুজ্জামান খান কিরণ।

হল প্রাধ্যক্ষের ধারণা, মুহসীন হলের চলমান বহিরাগত ও অছাত্রদের বের করার অভিযানের ভয়ে হলে অবস্থানকারী ছাত্রদের মধ্যেই সেগুলো কেউ ছাদে ফেলে রেখেছেন। তবে হলে গভীর রাতে অভিযান চালাতে গেলে শিক্ষার্থীরা সেগুলো হলের ছাদে ফেলে গেছেন বলে মন্তব্য করেছেন হলের প্রাধ্যক্ষ। তিনি বলেন, আমরা রাতে যখন অভিযান চলাই, তখন হলের শিক্ষার্থীরা এগুলো ফেলে গেছেন বলে আমার ধারণা। এগুলো তো বাইরে থেকে আসেনি।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রব্বানী বলেন, ধারালো কিছু অস্ত্র উদ্ধার করা হয়েছে। আমরা তা আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দিয়েছি। ইতোমধ্যেই এ বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এসব অস্ত্র পরিকল্পিতভাবে আনা হয়েছে কিনা আমরা খতিয়ে দেখব।